

প্রভৃতি সম্বন্ধ তাহাতে যষ্ঠী বিভক্তি হয়। (যথা-) রাজ্ঞঃ পুরুষঃ। কর্ম প্রভৃতির সম্বন্ধ মাত্র রূপে বিবক্ষা করিলে যষ্ঠী বিভক্তিই হইয়া থাকে। সত্যং গতম্। সর্পিষো জানীতে। মাতুঃ স্মরতি। এধো দকস্যোপস্কুরতে। ভজে শস্তোশচরণয়োঃ।

আলোচনা—‘শেষে’ শব্দের অর্থ হইল যাহা বলা হইয়াছে তাহার অতিরিক্ত। অষ্টাধারীতে অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ ও কর্ম অর্থে যথাক্রমে পঞ্চমী, চতুর্থী, তৃতীয়া সপ্তমী ও দ্বিতীয়া বিভক্তি বিহিত হইয়াছে। কর্তায় ও তৃতীয়া হয়। সর্বশেষে প্রাপ্তিপদিকার্থে প্রথমা বিহিত হইয়াছে। এইগুলি বাদে শেষ। রাজ্ঞঃ পুরুষঃ—সম্বন্ধে যষ্ঠী বিভক্তি হইল। কর্ম প্রভৃতির সম্বন্ধমাত্র বিবক্ষায় যষ্ঠী হইবে। যেমন—‘সত্যং গতম্’ (সৎ পুরুষের গমন)। ‘সর্পিষো জানীতে’—ইত্যাদি স্থলে করণের সম্বন্ধ সামান্য রূপে বিবক্ষার ফলে যষ্ঠী হইয়াছে। (দেবদন্ত) মাতুঃ স্মরতি। এই বাক্যে—দেবদন্ত কর্তৃক মাতৃসম্বন্ধি স্মরণ—এইরূপে কর্মের সম্বন্ধ সামান্য রূপে বিবক্ষার ফলে সম্বন্ধে যষ্ঠী হইয়াছে। এধো দকস্যোপস্কুরতে—এই বাক্যের অর্থ হইল—কাষ্ঠ কর্তৃক জনসম্বন্ধী উপস্কার অর্থাৎ গুণাধান। এইখানে সম্বন্ধ সামান্যরূপে বোধ করাইবার ইচ্ছায় কর্মে দ্বিতীয়ার স্থানে যষ্ঠী বিভক্তি হইয়াছে। এধস্=কাষ্ঠ। দক=জল। ‘ভজে শস্তোশচরণয়োঃ’ শব্দের চরণ দুইটির ভজনা করি। এইস্থলে কর্মব্দের শেষত্র বিবক্ষা করিয়া সম্বন্ধসামান্যে যষ্ঠী বিভক্তি হইয়াছে।

। ইতি যষ্ঠী।

৯০৫। আধারোহধিকরণম্—১।৪।৪৫

আধারঃ—১।১, অধিকরণম্—১।১

বরদরাজঃ—কর্তৃকর্মদ্বারা তন্নিষ্ঠক্রিয়ায়া আধারঃ কারকমধিকরণং স্যাৎ।

অনুবাদ—কর্তা ও কর্মের দ্বারা তদাশ্রিত ক্রিয়ার আধারের কারক সংজ্ঞা হইয়া অধিকরণ সংজ্ঞা হয়।

আলোচনা—‘কারকে’ এই সূত্রের অধিকার রহিয়াছে। আশ্রিয়াতে অগ্নিন্ ইতি আধারঃ। যাহাতে ক্রিয়া আশ্রিত হয় তাহা আধার। সাধারণতঃ ক্রিয়ার আধারের অধিকরণ সংজ্ঞা হয়। সাক্ষাত্ ভাবে ক্রিয়ার আধার বা আশ্রয় বুঝাইলে কর্তৃসংজ্ঞা ও কর্মসংজ্ঞা হইয়া থাকে। কিন্তু পরম্পররূপে

অর্থাৎ কর্তার ও কর্মের ধারণের দ্বারা উহাদের আশ্রিত ক্রিয়ার ও আধার বুঝাইলে উহাদের অধিকরণ সংজ্ঞা হইবে।

৯০৬। সপ্তম্যাধিকরণে চ—২।৩।৩৬

সপ্তমী—১।১, অধিকরণে—৭।১, চ—অ০

বরদরাজঃ—অধিকরণে সপ্তমী স্যাৎ, চকারাদূরাস্তিকার্থেভাঃ।
ঔপশ্লেষিকো বৈষয়িকোহভিব্যাপকশ্চেত্যধারস্তিবা। কটে
আস্তে। স্থাল্যাং পচতি। মোক্ষে ইচ্ছাস্তি। সর্বস্মিন্মাত্মাস্তি।
বনস্য দূরে অস্তিকে বা।।

অনুবাদ—অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। (সূত্রহ) চকারের দ্বারা ‘দূরাস্তিকার্থেভাঃ’ (সূত্রের দ্বারা দূর ও অস্তিক শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়)। আধার তিন প্রকার—ঔপশ্লেষিক, বৈষয়িক ও অভিব্যাপক। কটে আস্তে (মাদুরে হিত আছে)। স্থাল্যাং পচতি (হাঁড়িতে পাক করিতেছে)। মোক্ষে ইচ্ছাস্তি (মোক্ষে ইচ্ছা আছে)। সর্বস্মিন্ আত্মাস্তি (সকলের মধ্যে আত্মা আছে)। বনস্য দূরে অস্তিকে বা (বনের দূরে অথবা নিকটে)।

আলোচনা—‘অনভিহিতে’ সূত্রের অধিকার রহিয়াছে। তিঙ প্রভৃতির দ্বারা অধিকরণ অর্থ উক্ত না হইলে সেই অধিকরণ সংজ্ঞক শব্দের উত্তর সপ্তমী হইবে। ‘দূরাস্তিকার্থেভাঃ—’ ইহা ঠিক পূর্ববর্তী সূত্র। বর্তমান সূত্রে ‘চ-কার থাকায় ঐসম্পূর্ণ সূত্রটির অনুবর্তন হইল। ফলে অর্থ হইল—অধিকরণ কারকে দূরার্থক ও অস্তিকার্থক শব্দে সপ্তমী সহ পূর্বেক্ত তিনটি বিভক্তিই হইয়া থাকে। ঔপশ্লেষিক অধিকরণের উদাহরণ হইল—কটে আস্তে। স্থাল্যাং পচতি। বৈষয়িক অধিকরণ—মোক্ষে ইচ্ছাস্তি (মোক্ষে বিষয়ে)। অভিব্যাপক অধিকরণ—সর্বস্মিন্ আত্মা অস্তি। দূর ও অস্তিক শব্দের উত্তর ও অধিকরণে সপ্তমী—বনস্য দূরে অস্তিকে বা। এই উদাহরণে দূর ও অস্তিক শব্দের উত্তর অধিকরণে সপ্তমী হইল।

। ইতি সপ্তমী।

।। ইতি বিভক্ত্যর্থঃ ।।

দানক্রিয়ার কর্ম যে গো রূপ দ্রব্য উহার বিপ্লব সহিত সম্বন্ধ করিবার ইচ্ছা থাকায় বিপ্লব হইল সঞ্চিক্রমণে ইচ্ছার বিষয় বা উপদেশ্য, সেইজন্য উহাতে সম্পাদন সংজ্ঞা হইয়া থাকে। এবং 'চতুর্থী সম্পাদনো' সূত্র দ্বারা অনভিহিত সম্পাদনে চতুর্থী বিভক্তি হইল।

৯০১। নমস্‌স্বস্তিস্বাহাস্বধানংবধ্‌ভ্যোগাচ—২।৩।১৬

নমস্‌স্বস্তি..... যোগাভ্—৫।১, চ—অ.

বরদরাজঃ—এভিযোগে চতুর্থী। হরয়ে নমঃ। প্রজাত্যঃ স্বস্তি। অগ্নয়ে স্বাহ। পিতৃভ্যঃ স্বধা। অলমিতি পর্যাশ্রুধগ্রহণম্। তেন দৈতোভ্যো হরিরলং প্রভুঃ সমধঃ শক্ত ইত্যাদি।

অনুবাদ— (নমস্, স্বস্তি, স্বাহা, স্বধা, অলম্, বযট) ইহাদের যোগে চতুর্থী (বিভক্তি হয়)। (যথা-) হরয়ে নমঃ। প্রজাত্যঃ স্বস্তি। অগ্নয়ে স্বাহ। পিতৃভ্যঃ স্বধা। অলম্ এই পদের দ্বারা পর্যাশ্রুতি (সমধা) বাচক শব্দের গ্রহণ করা হয়। সেইজন্য দৈতোভ্যো হরিরলং প্রভুঃ, সমধঃ, শক্তঃ ইত্যাদি প্রয়োগ সিদ্ধ হয়।

আলোচনা— 'অলমিতি পর্যাশ্রুধগ্রহণম্' ইহা একটি বার্তিক। এই শব্দটি পর্যাশ্রুতি বা সামার্থ্য অর্ধের বাচক। হরয়ে নমঃ—হরিকে নমস্কার। প্রজাত্যঃ স্বস্তি—প্রজাদিগের কল্যাণ (হটুক)। পিতৃভ্যঃ স্বধা—পিতৃগণের তৃষ্ণি (হটুক)। দৈতোভ্যো হরিরলং প্রভুঃ সমধঃ শক্তঃ।।

। ইতি চতুর্থী।

৯০২। ধ্রুবমপায়ে হ পাদনম্—১।৪।২৪

ধ্রুবম্—১।১, অপায়ে—৭।১, অপাদনম্—১।১

বরদরাজঃ—অপায়ো বিপ্লবস্তপিন্ সাধ্য যদ্ ধ্রুবমবধিভূতং কারকং তদপাদনং স্যাৎ।।

অনুবাদ—অপায়ের অর্ধ বিভাগ, উহার হেতু যে ত্রিযা সেই ত্রিয়ার অর্ধি স্বরূপ কারকের অপাদন সংজ্ঞা হয়।

আলোচনা—কারকে সূত্রের অধিকার রহিয়াছে। ধ্রুব শব্দের অর্ধ স্থির। অপায়ের অর্ধ বিভাগ ও বিভাগের জনকরূপ ত্রিযা। বিভাগ হইলে যথা ধ্রুব তাহার অপাদন কারক হয়।

৯০৪। অপাদনে পঞ্চমী—২।৩।২৮

অপাদনে—৭।১, পঞ্চমী—১।১

বরদরাজঃ—গ্রামাদায়াতি। ধাবতো ঋষাতৃপততীত্যাদি।।

অনুবাদ—(যথা-) গ্রামাদ আয়াতি। ধাবতো ঋষাৎ পততি—ইত্যাদি।

আলোচনা—'অনভিহিতে' সূত্রের অধিকার রহিয়াছে। অপাদন অর্ধ অনুক্ত হইলে যথা অপাদন সংজ্ঞক তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যেমন—গ্রামাত্ আয়াতি—এই উদাহরণে গ্রামাত্ অপাদন কারকে পঞ্চমী হইল। ধাবতো অস্মাত পততি—এই বাক্যে ধাবন ক্রিয়া বিশিষ্ট অশ্ব হইতে পতন স্তম্ভ হইতেছে। বিভাগের আশ্রয় অশ্ব, অশ্ব হইতে দেব দত্তের বিভাগ হওয়ায় জনক ধাবন ক্রিয়া নয়, কিন্তু পতন ক্রিয়াই উহার হেতু। ফলে উক্ত বাক্যদ্বয়ে গ্রাম ও অশ্ব অপাদন হওয়ায় তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হইল।

। ইতি পঞ্চমী।

৯০৪। যষ্ঠী শেষে—২।৩।৫০

যষ্ঠী—১।১, শেষে—৭।১

বরদরাজঃ—কারকপ্রাতিপদিকার্ব্যতিরিক্তঃ স্বস্বামিভাবাদিঃ সম্বন্ধঃ শেষস্তত্র যষ্ঠী। রাজ্ঞঃ পুরুষঃ। কর্মাদীনামপি সম্বন্ধমাত্রাবিবন্ধায়াং যষ্ঠেব। সত্যং গতম্। সর্পিযো জানীতে। মাতুঃ স্মরতি। এধো দকস্যোপস্কুরতে। ভক্তে শতোশচরণয়োঃ।।

অনুবাদ—যথা কারক, প্রাতিপদিকার্ব্য নয়, তথা হইল শেষ—স্বস্বামিভাবাদিভার

ধাতুর যোগে অবিক্রিত কারকের কর্ম সংজ্ঞা হয়। যথা—বলিঃ
ভিক্ষতে বসুধাম্—বলিঃ ভিক্ষতে বসুধাম্। মাগবকার্য ধর্মঃ ভাষতে,
অভিধত্তে, বক্তি বা। এইরূপে অন্যত্রও।
॥ ইতি দ্বিতীয়া ॥

৮৯৬। স্বতন্ত্রঃ কর্তা—১।৪।৫৪.

স্বতন্ত্রঃ—১।১, কর্তা—১।১.

বরদরাজঃ—ক্রিয়ায়াং স্বাতন্ত্র্যেণ বিবক্ষিতোহর্থঃ কর্তা স্যাৎ ॥

অনুবাদ—ক্রিয়ার স্বতন্ত্র বা স্বাধীনভাবে বিবক্ষিত বিষয়ের (কারকের) কর্তৃসংজ্ঞা হয়।
আলোচনা—সূত্রে স্বতন্ত্র শব্দটি স্বাতন্ত্র্যে প্রযুক্ত হইয়াছে। বক্তা যাহাকে স্বতন্ত্র বলিয়া

মনে করে তাহারই কর্তৃসংজ্ঞা হয়। বাক্যে কোনটির বাস্তব স্বাতন্ত্র্য
আবার কোনটির বা বিবক্ষিত স্বাতন্ত্র্য থাকে। যেমন—রামাঃ পচতি—
বাক্যে রামে বাস্তব স্বাতন্ত্র্য। কিন্তু কাষ্ঠং পচতি—বাক্যে কাষ্ঠ বিবক্ষিত
স্বাতন্ত্র্য।

৮৯৭। সাধকতমং করণম্—১।৪।৪২.

সাধকতমম্—১।১, করণম্—১।১.

বরদরাজঃ—ক্রিয়াসিদ্ধৌ প্রকৃষ্টোপকারকং করণসংজ্ঞং স্যাৎ ॥

অনুবাদ—ক্রিয়াসিদ্ধিতে যথা প্রকৃষ্ট উপকারক তাহার করণসংজ্ঞা হয়।

আলোচনা—যাহার ব্যাপারের অন্যতরই ক্রিয়ার নিষ্পত্তি হইয়া থাকে, তাহা প্রকৃষ্ট,
এইরূপ প্রকৃষ্ট উপকারকের করণ সংজ্ঞা হয়। অন্যান্য কারক ক্রিয়া-
সিদ্ধির উপকারক হইলে ও অত্যন্ত উপকারক নাহে।

৮৯৮। কর্তৃকরণয়ো-স্বতৃতীয়া—২।৩।১৮.

কর্তৃকরণয়োঃ—৭।২, তৃতীয়া—১।১.

বরদরাজঃ—অনভিহিতে কর্তরি করণে চ তৃতীয়া স্যাৎ। রামেণ
বাগেন হতো বালী ॥

অনুবাদ—অনুক্ত কর্তার ও অনুক্ত করণে তৃতীয়া বিত্তক্তি হয়। (যথা-) রামেণ বাগেন
হতো বালী।

আলোচনা—‘অনভিহিতে’ এই সূত্রের অধিকার রহিয়াছে। অনভিহিত ইহার অর্থ
অনুক্ত। কর্তা ও করণ যদি পূর্বেক্ত তিঙ্কু, কৃত্ব, তদ্ধিত এবং সন্যাসের
দ্বারা উক্ত না হয় তাহা হইলে উহাতে তৃতীয়া বিত্তক্তি হয়। যেমন—
রামেণ বাগেন হতো বালী—এই উপবরণে ‘হতো’ এই পদে কর্ম অর্থে
‘ক’ প্রত্যয় হইয়াছে। ফলে ‘স্বতন্ত্রঃ কর্তা’ সূত্র দ্বারা ‘রামা’ পদের এবং
‘সাধকতমং করণম্’ সূত্র দ্বারা ‘বাগ’ শব্দের করণ সংজ্ঞা হওয়ায় এবং
ই দুইটি ক্রিয়াপদে উক্ত না হওয়ায় উহাদের উক্তর ‘কর্তৃকরণয়ো-তৃতীয়া’
সূত্র দ্বারা তৃতীয়া বিত্তক্তি হইল।

। ইতি তৃতীয়া ॥

৯৯৯। কর্মণা যমভিপ্রেতি স সম্পাদানম্—১।৪।৩২

কর্মণা—৩।১, যম্—২।১, অভিপ্রেতিতিত্ত্বংপদম্,
সং—১।১, সম্পাদানম্—১।১.

বরদরাজঃ—দানস্য কর্মণা যমভিপ্রেতি স সম্পাদানসংজ্ঞঃ স্যাৎ ॥

অনুবাদ—(কর্তা) দানার্থক (ক্রিয়ার) কর্মের সহিত যাহার সম্বন্ধ করিতে ইচ্ছা করে
তাহার সম্পাদান সংজ্ঞা হইয়া থাকে।

আলোচনা—‘অভিপ্রেতি’ ইহার অর্থ ‘সম্বন্ধনিমিত্তি’। এইসূত্রে ‘কর্মণা’ পদে করণে
তৃতীয়া বিত্তক্তি হইয়াছে। ‘কারকে’ সূত্রের অধিকার রহিয়াছে।

৯০০। চতুর্থী সম্পাদানে—২।৩।১৩

চতুর্থী—১।১, সম্পাদানে—৭।১

বরদরাজঃ—বিপ্রায় গাং দদতি ॥

অনুবাদ—বিপ্রায় গাং দদতি।

আলোচনা—‘অনভিহিতে’ সূত্রের অধিকার রহিয়াছে। ‘বিপ্রায় গাং দদতি’—এই স্থলে

। অথ বিভক্ত্যর্থঃ।

৮৯১। প্রাতিপদিকার্থলিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা —
১।৩।৪৬

প্রাতিপদিকার্থ.....বচনমাত্রে—৭।১, প্রথমা—১।১.

বরদরাজঃ—নিয়াতোপস্থিতিকঃ প্রাতিপদিকার্থঃ। মাত্রশব্দস্য প্রত্যেকং যোগঃ। প্রাতিপদিকার্থমাত্রে লিঙ্গমাত্রাদ্যাধিক্যে পরিমাণমাত্রে সংখ্যামাত্রে চ প্রথমা স্যাৎ। প্রাতিপদিকার্থমাত্রে—উচ্চৈঃ। নীচৈঃ। কৃষঃ। শ্রীঃ। জ্ঞানম্। লিঙ্গমাত্রে—তটঃ, তটী, তটম্। পরিমাণমাত্রে—দ্রোগো ব্রীহিঃ। বচনং সংখ্যা। একঃ, দ্বৌ, বহবঃ।।

অনুবাদ—(প্রাতিপদিক বা নাম শ্ৰুত হওয়ার সংগে সংগেই) নিয়মতঃ যে অর্থের জ্ঞান হইয়া থাকে সেই অর্থই হইল প্রাতিপদিকার্থ। 'মাত্র' শব্দের সহিত প্রত্যেকের যোগ (বা সম্বন্ধ) আছে। প্রাতিপদিকার্থমাত্রের প্রতিতি হইলে, প্রাতিপদিকার্থ থাকা সত্ত্বে ও যে স্থলে লিঙ্গমাত্রের ও লিঙ্গ মাত্রের আধিক্য প্রতীয়মান হয় সেইস্থলে এবং সংখ্যামাত্র বুঝাইলে ও প্রথমা বিভক্তি হইয়া থাকে। প্রাতিপদিকার্থমাত্রের (উদাহরণ হইল)— উচ্চৈঃ। নীচৈঃ। কৃষঃ। শ্রীঃ। জ্ঞানম্। লিঙ্গমাত্রের (আধিক্যের উদাহরণ) হইল—তটঃ, তটী, তটম্। পরিমাণমাত্রের (আধিক্যের উদাহরণ) হইল—দ্রোগো ব্রীহিঃ। বচনশব্দের অর্থ সংখ্যা। (যথা-) একঃ, দ্বৌ, বহবঃ।।

আলোচনা—স্বল্প প্রকরণে যে সুপ্ প্রভৃতি প্রত্যয়ের বিধান করা হইয়াছে, তাহাদের অর্থ নির্দেশ এই প্রকরণে করা হইতেছে। তাই এই প্রক্রিয়ার নাম বিভক্ত্যর্থ প্রক্রিয়া। সুপ্ বিভক্তি সাতটি। প্রথমা, দ্বিতীয়া তৃতীয়া ইত্যাদি। প্রাতিপদিকার্থ কাহার ও কাহার ও মতে একটি, দুইটি, তিনটি, চারিটি ও পাঁচটি।

‘একং দ্বিকং ত্রিকং চতুষ্কং পঞ্চকং তথা।
নামার্থা ইতি সর্বৈঃ মী পক্ষাঃ শাস্ত্রে নিরূপিতাঃ।।

বিভক্ত্যর্থঃ

৮৯১

অর্থাৎ প্রাতিপদিকের অর্থ-জাতি কিংবা ব্যক্তি অর্থাৎ একটি। আবার জাতিও ব্যক্তি অর্থাৎ দুইটি। আবার জাতি, ব্যক্তি ও লিঙ্গ-অর্থাৎ তিনটি। আবার জাতি ব্যক্তি, লিঙ্গ ও সংখ্যা-অর্থাৎ চারিটি। আবার জাতি ব্যক্তি, লিঙ্গ, সংখ্যা ও কারক অর্থাৎ পাঁচটি। কিন্তু এই গ্রন্থে সেইরূপ প্রাতিপদিকার্থ স্বীকার করা হয় নাই। নিয়াতোপস্থিতিকঃ প্রাতিপদিকার্থঃ। মাত্রের উপস্থিতি নিহত তাহা প্রাতিপদিকার্থ। প্রাতিপদিকার্থমাত্রে, প্রাতিপদিকার্থ থাকা সত্ত্বেও যে স্থলে লিঙ্গমাত্রের ও পরিমাণ মাত্রের আধিক্য প্রতীয়মান হয় সেইস্থলে এবং সংখ্যামাত্র বুঝাইলে ও প্রথমা বিভক্তি হয়। যথাক্রমে উদাহরণ ও প্রদর্শিত হইয়াছে। এক শব্দের এবং তাহার উত্তর সু বিভক্তির অর্থ একত্ব হওয়ার 'উক্তার্থানামপ্রযোগঃ' এই নিয়ম দ্বারা সু বিভক্তির নিষেধ হইয়া যাওয়ার বর্তমান সূত্রে 'সংখ্যা' শব্দ থাকায় তাহার বিধান হইল।

৮৯২। সম্বোধনে চ—২।৩।৪৭.

সম্বোধনে—৭।১, চ-অ০.

বরদরাজঃ—প্রথমা স্যাৎ। হে রাম।।

অনুবাদ—প্রথমা (বিভক্তি) হয়। (যথা-) হে রাম।

আলোচনা—সূত্রে 'চ' থাকায় পূর্ব সূত্র হইতে 'প্রথমা' পদের সমুচ্চয় হয়। সম্বোধনের আধিক্য বুঝাইলে প্রথমা বিভক্তি হয়। সম্বোধনের অর্থ হইল— অভিমুখীকৃত জ্ঞাপনম্। যেমন—হে রাম।

। ইতি প্রথমা।

৮৯৩। কর্তুরীপ্তিতমং কর্ম—১।৪।৪৯.

কর্তুঃ—৬।১, ঈপ্তিতমম্—১।১, কর্ম—১।১.

বরদরাজঃ—কর্তুঃ ক্রিয়য়া আপুর্মিষ্টতমং কারকং কর্মসংজ্ঞং স্যাৎ।।

অনুবাদ—কর্তা (স্বীয়) ক্রিয়ার দ্বারা যাহাকে মুখ্যভাবে পাইতে ইচ্ছা করেন (অর্থাৎ যাহা কর্তার ইষ্টতম বস্তু) তাহারই কর্ম (কারক) সংজ্ঞা হয়।

আলোচনা—কর্তার ঈপ্তিতম ইহার অর্থ হইল অত্যন্ত অভীষ্ট। 'কারক' সূত্রের

অধিকার রাহিয়াছে। কৰ্তা দ্বিগ্ন ক্রিয়ান দ্বারা যাহার সহিত সান্তিঃ
সম্বন্ধ করিবার ইচ্ছা করে সেইরূপ কারক হু কৰ্ম।

৮৯৪। কৰ্মণি দ্বিতীয়া—২।৩।২

কৰ্মণি—৭।১, দ্বিতীয়া—১।১।

বরদরাজঃ—অনুক্তে কৰ্মণি দ্বিতীয়া স্যাত্। হরিং ভজতি। অতিহিতে
তু কৰ্মাদৌ প্রথমা—হরিঃ সেব্যতে। লক্ষ্ম্যা সৌবিতঃ।।
অনুবাদ—অনুক্ত কৰ্মে দ্বিতীয়া (বিভক্তি) হয়। (যথা-) হরিং ভজতি। কৰ্ম অতিহিত
হইলে 'প্রথমা' (হয়)। (যথা-) হরিঃ সেব্যতে। লক্ষ্ম্যা সৌবিতঃ।

আলোচনা—'অনভিহিতে' এই সূত্রের অধিকার রহিয়াছে। তিঙ্, কৃত্, ভক্তিৎ এবং
সমাসের দ্বারা কৰ্ম প্রভৃতি অভিহিত হইয়া থাকে। যেমন—হরিঃ
সেব্যতে। এইখানে কৰ্মবাচ্যে তিঙ্ প্রত্যয় হইয়াছে। অর্থাৎ তিঙ্ এর
দ্বারা কৰ্ম উক্ত হইয়াছে। পূর্বে—সং হরিম্ সেব্যতে,—এইরূপ ছিল।
কৃত্ এর উদাহরণ হইল—লক্ষ্ম্যা সৌবিতঃ। এইখানে ক্ত কৃত্ত্বপ্রত্যয়
কৰ্মবাচ্যে হওয়ায় কৰ্ম 'হরি' উক্ত হইয়াছে। 'হরি' এইখানে প্রাতিপদিকার্থে
প্রথমা হইল। সম্পূর্ণ বাক্য—লক্ষ্ম্যা হরিঃ সৌবিতঃ—এইরূপ।

৮৯৫। অকথিতং ৮—১।৪।৫১।

অকথিতম্—১।১, ৮-অ০।

বরদরাজঃ—অপাদনাদি বিশেষ্যৈরবিবক্ষিতং কারকং কৰ্মসংজ্ঞং স্যাত্।

দুহ্যাচপচদত্তরুধি প্রচ্ছি চিকাশাসুজিমধুম্যাম্।।১

কৰ্মযুক্ত স্যাদকথিতং তথা স্যানীহকধহাম্।।২

গাং দোক্ষি পয়ঃ। বলিং যাচতে বসুধাম্। তত্বুলানোদনং
পচতি। গর্গান্ শতং দত্তয়তি। ব্রজমবরণঙ্কি গাম্। মাগবকং ধর্মং
পস্থানং পৃচ্ছতি। বৃক্ষমবচিনোতি ফলানি। মাগবকং ধর্মং
ক্রান্তে শাস্তি বা। শতং জয়তি দেবদত্তম্। সুধাং ক্ষীরনিধিঃ
মধ্বনাতি। দেবদত্ত শতং মুষণতি। গ্রামমজাং নয়তি

হরতি কথতি বহতি বা। অর্থনিবন্ধনোয়ং সংজ্ঞা। বলিং
ভিক্রান্তে বসুধাম্। মাগবকং ধর্মং ভাষতে অতিধতে
বক্তীত্যাদি।।

অনুবাদ—অপাদন প্রভৃতি বিশেষ্য রূপে যাহার বিবক্ষা করা হয় না, সেইরূপ কারকের
কৰ্মসংজ্ঞা হইয়া থাকে। দুহু, যাচ, পচ, দত্তি, রুধ, প্রচ্ছ, চি, ক্র, শাস্য,
জি, মধু, মুষ্, এবং নী, হ্র, কৃষ্, বহু—এই পাতুগুলি কৰ্মের সংগে যুক্ত
হইলে অকথিত হয়। (যথা)গাং দোক্ষি পয়ঃ। বলিং যাচতে বসুধাম্।
তত্বুলানোদনং পচতি। গর্গান্ শতং দত্তয়তি। ব্রজমবরণঙ্কি গাম্।
মাগবকং পস্থানং পৃচ্ছতি। বৃক্ষমবচিনোতি ফলানি। মাগবকং ধর্মং ক্রান্তে
শাস্তি বা। শতং জয়তি দেবদত্তম্। সুধাং ক্ষীরনিধিঃ মধ্বনাতি। দেবদত্তং
শতং মুষণতি। গ্রামমজাং নয়তি হরতি কথতি বহতি বা। সংজ্ঞাটি হইল
অর্থ নিবন্ধনা (অর্থাৎ অর্থপ্রদায়ী)। মাগবকং ধর্মং ভাষতে অতিধতে
বক্তি—ইত্যাদি।

আলোচনা—অকথিত শব্দের অর্থ এইখানে অববিবক্ষিত বা যাহা বলা অভিপ্রেত নহে।

অপাদন, সম্বন্ধান প্রভৃতি কারকের এক একটি বিশেষ নাম, সেই
বিশেষ নাম ধরিয়া যদি ইহাদিককে ডাকিতে ইচ্ছা না হয় তাহা হইলে
ইহাদের (অপাদনাদির) কৰ্ম সংজ্ঞা হয়। যে যে ধাতুর প্রয়োগে
অপাদনাদির কৰ্মসংজ্ঞা হয় তাহা 'দুহ্যাচ'—'ইত্যাদি কারিকায় বলা
হইয়াছে। দুহাদি হইল দ্বাদশটি, এবং নাদি হইল চারটি। মোট
ষোড়শটি অকথিত (দোঁগ) ও কথিত (মুখ্য) কৰ্ম বিশিষ্টধাতু। তবে
ইহাদের অর্থ প্রকাশ করে এমন অন্য ধাতু ও দ্বিকর্মক হইতে পারে
গোঃ দোক্ষি পয়ঃ—গাং দোক্ষি পয়ঃ। বলিং বসুধাং যাচতে—বলিং
যাচতে বসুধাম্। তত্বুলেঃ ওদনং পচতি—তত্বুলান্ ওদনং পচতি।
গর্গেভ্যঃ শতং দত্তয়তি—গর্গান্ শতং দত্তয়তি। ব্রজে অবরণঙ্কি গাম্-
ব্রজম্ অবরণঙ্কি গাম্। মাগবকেন পস্থানং পৃচ্ছতি—মাগবকং পস্থানং
পৃচ্ছতি। বৃক্ষত অবচিনোতি ফলানি—বৃক্ষমবচিনোতি ফলানি। মাগবকায়
ধর্মং ক্রান্তে শাস্তি বা—মাগবকং ধর্মং ক্রান্তে শাস্তি বা। শতং জয়তি
দেবদত্তায়—শতং জয়তি বা দেবদত্তম্। সুধাং ক্ষীরনিধেঃ মধ্বনাতি—
সুধাং ক্ষীরনিধিঃ মধ্বনাতি। দেবদত্তত্ শতং মুষণতি—দেবদত্তং শতং
মুষণতি। গ্রামে মজাং নয়তি, হরতি, কথতি বহতি বা—গ্রামমজাং
নয়তি, হরতি, কথতি, বহতি বা। এই যোলটি পাতুর অর্থে বিদ্যমান